সত্য প্রেম পবিত্রতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল

তারিখ: ২১ জানুয়ারি, ২০২৫

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

সরকারি ব্রজমোহন কলেজের ভর্তি বিষয়ক লিংক: www.bmcollege.gov.bd সাইটে admission menu

জাতীয় বিশ্ববিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদনপত্র উত্তোলন ২১ জানুয়ারি, ২০২৫ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২৮ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে।

আগ্রহী প্রার্থীকে প্রাথমিক আবেদন ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকা কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং (**Dutch Bangla Bank** মোবাইল ব্যাংকিং-**Rocket Apps**) এর মাধ্যমে জমা দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে উত্তোলিত আবেদন ফরম ২৮/০২/২০২৫ খ্রি. তারিখ দুপুর ২:০০ টার মধ্যে অবশ্যই কলেজে জমা দিতে হবে।

জমা দেয়ার স্থান ও সময়:

অডিটোরিয়াম ভবনের নিচ তলা (উত্তর পাশ, শহিদ মিনার সংলগ্ন)। সময়: ১০:০০ হতে ০১:০০ টা পর্যন্ত।

অত্র কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে তা জানতে পারবে। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আবেদনকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষা ০৩ মে, ২০২৫ খ্রি. তারিখ শনিবার, সময়: ১১:০০ থেকে ১২:০০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

ভর্তির বিষয়সমূহ:

বিএসসি (অনার্স) : পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, মৃত্তিকা বিজ্ঞান, পরিসংখ্যান
বিএসএস (অনার্স) : অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম
বিএ (অনার্স) : বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামিক স্টাডিজ, দর্শন, সংস্কৃত
বিবিএ (অনার্স) : হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স এন্ড ব্যাংকিং

১। **আবেদনের সাধারণ যোগ্যতা:**

ক) বাংলাদেশে স্বীকৃত সকল শিক্ষা বোর্ড ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে আবেদনের ন্যূনতম যোগ্যতা

ক্রমিক নং	উচ্চ মাধ্যমিক পর্যায়ে গঠিত শাখা	২০২১-২০২২ সালের এসএসসি/সমমান পরীক্ষা ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ)	২০২৩/২০২৪ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ)	উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত ন্যূনতম জিপিএ
০১	মানবিক শাখা ও ব্যবসায় শিক্ষা শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে **HSC** (বিজনেস্ ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স শাখা	২.৫	২.৫	৫.৫
০২	বিজ্ঞান শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে **HSC** (ভোকেশনাল) শাখা	২.৭৫	২.৫	৬.০

খ) আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি যোগ্য (**Eligible**) বিষয় নির্ধারণ করা হবে এবং উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.৫ থাকতে হবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল, স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোনো শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থীরা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক হলে তাদের অবশ্যই পূর্ববর্তী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে।

ঘ) স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোনো শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।।

প্রাথমিক আবেদনের সময়সূচি:

ক্রমিক	করণীয়	তারিখ
ক)	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ	২৬/০১/২০২৫ থেকে ২৮/০২/২০২৫
খ)	প্রাথমিক আবেদন ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকা অত্র কলেজ কর্তৃক নির্ধারিত **Dutch Bangla** মোবাইল ব্যাংকিং (**Rocket Apps**) এর মাধ্যমে জমা দেয়ার তারিখ	২৬/০১/২০২৫ থেকে ২৮/০২/২০২৫

Dutch Bangla মোবাইল ব্যাংকিং (**Rocket Apps**) এর মাধ্যমে **Payment** পদ্ধতি:



<u>আবেদনকারীকে অবশ্যই Biller ID হিসেবে 3288 এবং Bill Number হিসেবে Admission Roll (Space) Mobile Number ব্যবহার করতে হবে।</u>

২। আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়:

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (**www.nu.ac.bd/admissions**) **Honours Tab**-এ গিয়ে **Apply Now (Honours)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীর শিক্ষা সহায়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে।

খ) মুক্তিযোদ্ধার সন্তান/ক্ষুদ্র নৃগোষ্ঠী/বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম ও পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি আবেদন করতে পারবে। একজন আবেদনকারী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে।

গ) ফরম পূরণের সময় আবদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120×150 pixels, Image Type: jpg** এবং **maximum file size:50kb,** প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোনো ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ঘ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে **[A4 (8.5″×11″)** অফসেট সাদা কাগজে] প্রিন্ট/**pdf** কপি সংগ্রহ করতে হবে।

ঙ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন:
প্রার্থীকে তার প্রাথমিক আবেদন ফরমের সকল তথ্য সঠিকভাবে যাচাই করতে হবে। আবেদন ফরমে তথ্যগত গড়মিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে **Applicant Login** অপশনে **Honours Login** লিংকে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the Security key** অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও প্রকৃত ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী কেবল একবারই প্রাথমিক আবেদন ফরম বাতিল করার সুযোগ পাবে।

কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের সাত দিন পূর্বে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant Login অপশন থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র **(Admit Card)** ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। উল্লেখ যে, শিক্ষার্থীর প্রবেশপত্রে **(Admit Card)** ভর্তি পরীক্ষার রোল নম্বর ও পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ থাকবে এবং শিক্ষার্থীকে উক্ত কেন্দ্রে উপস্থি থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে)।

চ) ফরমের সাথে যা সংযুক্ত করতে হবে:
১. প্রিন্টেড প্রাথমিক আবেদন ফরমের স্বাক্ষরিত কপি
২. এসএসসি ও এইচএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্টের ফটোকপি
৩. এইচএসসি'র প্রশংসাপত্র এর ফটোকপি
৪. আবেদন ফরমের উপর **TnX ID** লিখে দিতে হবে এবং **Message** এর প্রিন্ট কপি জমা দিতে হবে।

ছ) কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর পূরণকৃত আবেদন ফরমে ত্রুটি সংশোধন করা যাবে না।

এই ভর্তি কার্যক্রমের যে কোনো নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

বিস্তারিত তথ্যের জন্য:
কলেজ ওয়েবসাইট-**www.bmcollege.gov.bd**
প্রয়োজনে-

১. ০১৭১৭-৪০৮২২০ (জনাব মোঃ রাশেদ খান শাহীন, সহযোগী অধ্যাপক, পদার্থবিজ্ঞান বিভাগ)
২. ০১৭১২-৮৩৭৯৬৬ (কানিজ ফাতেমা, সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ)
৩. ০১৭১০-৭৮১৮৩৬ (জনাব সুসমিতা ইয়াছমিন, সহকারী অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান বিভাগ)

22-07-2025

(প্রফেসর ড. শেখ মোঃ তাজুল ইসলাম)
আইডি- ৬৯১৮
অধ্যক্ষ
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।